



যুক্তরাষ্ট্র-ইরান পররক্ষ আলোচনায় ইতিবাচক অগ্রগতি: কাতার



কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মাজেদ আল-আনসারি। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে কাতারের রাজধানী দোহায় অনুষ্ঠিত পররক্ষ আলোচনায় ইতিবাচক অগ্রগতি হয়েছে বলে জানিয়েছে কাতার। একই সঙ্গে উভয় পক্ষ আলোচনা অব্যাহত রাখার বিষয়ে সম্মত হয়েছে বলেও জানানো হয়েছে।

কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মাজেদ আল-আনসারি সামাজিক যোগাযোগমাধ্যম এন্ড্রে দেওয়া এক পোস্টে জানান, কাতার ও পাকিস্তানের মধ্যস্থতায় দোহায় মার্কিন ও ইরানি প্রতিনিধিদের সঙ্গে পৃথক বৈঠক অনুষ্ঠিত হয়। এসব আলোচনায় কয়েকটি গুরুত্বপূর্ণ ইস্যুতে অগ্রগতি হয়েছে।

তিনি বলেন, সুইজারল্যান্ডে অনুষ্ঠিত আগের উচ্চপর্যায়ের বৈঠকের ধারাবাহিকতায় এ আলোচনা এগিয়েছে। ইরানের সাবেক সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির জানাজা ও দাফনের আনুষ্ঠানিকতা শেষ হলে পরবর্তী দফার বৈঠকের সময় নির্ধারণ করা হবে।

কাতারের পক্ষ থেকে জানানো হয়, আলোচনার মাধ্যমে অমীমাংসিত বিষয়গুলোর সমাধানে কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত থাকবে এবং দুই পক্ষই সংলাপ চালিয়ে যেতে আগ্রহ প্রকাশ করেছে।

এদিকে, ইরানি কর্তৃপক্ষ জানিয়েছে, প্রয়াত আয়াতুল্লাহ আলী খামেনির জানাজা ও দাফন উপলক্ষে ৪ থেকে ৯ জুলাই পর্যন্ত ইরান ও ইরাকের বিভিন্ন স্থানে রাষ্ট্রীয় কর্মসূচি অনুষ্ঠিত হবে।